DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 09:17 AM

বিনোদন

# আবারও শাকিব খানের নায়িকা সাবিলা নূর, জল্পনার অবসান ঘটালেন প্রযোজক

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০২ আগস্ট ২০২৬, ০৪:২১ PM



শাকিব খান ও সাবিলা নূর, সংগৃহীত ছবি।

গত বছরের ঈদুল ফিতরে মুক্তি পাওয়া বরবাদ সিনেমা দিয়ে বক্স অফিসে দারুণ সাফল্য পান শাকিব খান ও নির্মাতা মেহেদী হাসান হৃদয় জুটি। দর্শকপ্রিয়তা ও বাণিজ্যিক সাফল্যের সেই রেশ কাটতে না কাটতেই আবারও নতুন সিনেমা নিয়ে এক হচ্ছেন তারা।

নতুন সিনেমাটিকে ঘিরে ইতোমধ্যেই চলচ্চিত্র অঙ্গনে শুরু হয়েছে ব্যাপক আলোচনা। তবে গল্প বা নামের চেয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে সবচেয়ে বেশি আলোচনায় রয়েছে একটি প্রশ্ন শাকিব খানের বিপরীতে এবার নায়িকা হিসেবে কাকে দেখা যাবে?

নানা গুঞ্জনের মধ্যে সবচেয়ে বেশি উচ্চারিত হচ্ছে অভিনেত্রী সাবিলা নূরের নাম। কারণ এর আগে শাকিব খানের সঙ্গে তাণ্ডব ও রকস্টার সিনেমায় কাজ করেছেন তিনি। ছবি দুটিতে শাকিবের সঙ্গে তার স্ক্রিন কেমিস্ট্রি পছন্দ করেছেন দর্শক।

সেই সূত্র ধরেই অনেকের ধারণা, নতুন সিনেমাতেও শাকিবের সঙ্গে জুটি বাঁধতে যাচ্ছেন সাবিলা।

তবে সেই জল্পনায় আপাতত পানি ঢেলে দিলেন সিনেমাটির প্রযোজক শাহরীন আক্তার সুমি। তিনি বলেন, “আমরা এখনো সাবিলার কথা ভাবিনি। নায়িকা নিয়ে আমাদের নিজস্ব পরিকল্পনা রয়েছে। তবে অক্টোবরে যে সিনেমার শুটিং শুরু করতে যাচ্ছি, সেখানে কোনোভাবেই সাবিলার কথা ভাবছি না।”

নায়িকা নির্বাচন প্রসঙ্গে আরও জানানো হয়েছে, এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। নির্মাতা মেহেদী হাসান হৃদয় বলেন, “আমাদের সিনেমার নায়িকা এখনো ঠিক হয়নি। আগে স্ক্রিপ্ট লক হোক। কাকে নেওয়া হবে, সেটা সময়মতো জানিয়ে দেওয়া হবে। সিনেমা নিয়ে নানা রকম আলোচনা হচ্ছে, হোক। এতে দোষের কিছু দেখি না।”

এদিকে সিনেমাটির নাম নিয়েও চলছে নানা জল্পনা। সামাজিক যোগাযোগমাধ্যমে “নিঃস্ব” ও “হায়েনা” নাম দুটি ঘুরে বেড়ালেও নির্মাতা বিষয়টি নিশ্চিত করেননি। হৃদয়ের ভাষায়, “নাম সময় হলেই জানাব।”

জানা গেছে, আগামী অক্টোবরে সিনেমাটির শুটিং শুরু হওয়ার পরিকল্পনা রয়েছে। সবকিছু ঠিক থাকলে আগামী বছরের ঈদুল ফিতরে ছবিটি দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পাবে।

প্রসঙ্গত, “বরবাদ” ছিল নির্মাতা মেহেদী হাসান হৃদয়ের প্রথম চলচ্চিত্র। শাকিব খান অভিনীত সেই সিনেমা প্রত্যাশার চেয়েও বড় সাফল্য এনে দেয়। পরবর্তীতে তাদের মধ্যে কিছুটা দূরত্ব তৈরি হলেও প্রায় দুই বছর পর আবারও নতুন সিনেমায় এক হচ্ছেন তারা।

নির্মাতার দাবি, নতুন সিনেমাটিও হবে অ্যাকশনধর্মী। তবে গল্প, নির্মাণশৈলী ও চরিত্রের উপস্থাপনায় দর্শক এবার শাকিব খানকে একেবারেই নতুন রূপে দেখতে পাবেন।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে অভিনেত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার**
রাজধানীর ভাটারা এলাকা থেকে জনপ্রিয় মডেল ও অভিনেত্রী রিধিকা রিধির মরদেহ উদ্ধার করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) সকাল ছয়টার দিকে সিলিং ফ্যানে ঝুলন্...



### সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!

আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...



প্রতীকী ছবি

### ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ

একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



### শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা

শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/abaro-shakib-khaner-nayika-sabila-nur-jlpnar-obsan-ghtalen-prjojk